



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
শ্রম কল্যাণ কেন্দ্র
আমানতগঞ্জ, বরিশাল।
ফোনঃ ০৪৩-২১৭৬১১২
lwc.barisal.gov.bd

সিটিজেন চার্টার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরের অধীন শ্রম কল্যাণ কেন্দ্র, বরিশাল এর অধিক্ষেত্রাধীন এলাকার জনগণের সেবায় বাংলাদেশ শ্রম আইন ২০০৬/ অদ্যাবধি সংশোধিত ও শ্রম বিধিমালা ২০১৫ বাস্তবায়ন করে থাকে।

বর্নিত আইন ও বিধিমালায় আওতায় শ্রম অধিদপ্তর দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু শ্রম সম্পর্ক বজায় রাখতে শ্রমিক ও মালিকদের প্রশিক্ষণ কার্যক্রম, বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ, চিকিৎসা বিনোদনের ব্যবস্থা করা, পরিবার কল্যাণ এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্পর্কিত সরকারের গৃহীত বিভিন্ন রকম কল্যাণমূলক কর্মসূচী পরিচালনা করে থাকে।

ভিশনঃ শ্রমিক মালিকদের মধ্যকার সম্পর্ক উন্নয়ন এবং শ্রমিকদের অধিকার নিশ্চিতকরণ।

মিশনঃ শিল্প প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

ভিশন ও মিশনঃ শিল্প সেক্টরে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সৃষ্টির মাধ্যমে দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু কর্ম পরিবেশ বজায় রাখা এবং শ্রম আইন মতে শ্রমিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

ক্রম	সেবার নাম	সেবা প্রদানের পদ্ধতি ও বিবরণ	প্রয়োজনীয় কাগজপত্র	সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী
১	(ক) চিকিৎসা সেবা	মেডিকেল অফিসারের অফিস কক্ষে প্রতিষ্ঠানিক/অপ্রতিষ্ঠানিক শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্য রোগীদের ব্যবস্থাপত্র দেয়া হয় এবং বিভিন্ন সময়ে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে গিয়ে শ্রমিকদের স্বাস্থ্যসেবা (ব্যবস্থাপত্র) প্রদান করা হয়।	শ্রমিকদের পরিচয় পত্র	বিনামূল্যে	অফিস চলাকালীন সময়ে	(১) মেডিকেল অফিসার (২) ডিসপেন্সারী এটেন্টডেন্ট
	(খ) ঔষধ বিতরণ	মজুদ সাপেক্ষে ব্যবস্থাপত্রের ঔষধ সরবরাহ করা হয়।	-ঐ-	-ঐ-	-ঐ-	(১) মেডিকেল অফিসার (২) ডিসপেন্সারী এটেন্টডেন্ট
২	(ক) পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ	অত্র কেন্দ্র থেকে প্রতিষ্ঠানিক/অপ্রতিষ্ঠানিক শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যদের মধ্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ করা হয় এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে গিয়ে কর্মরত শ্রমিকদের মধ্যেও জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ করা হয়।	-ঐ-	-ঐ-	-ঐ-	(১) জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা (২) পরিবার কল্যাণ পরিদর্শিকা